

ইউনুস সেন্টার প্রেস রিলিজ

ফরচুন ম্যাগাজিনের বিশ্ব তালিকায় গ্রামীণ ব্যাংক

বিশ্বখ্যাত ফরচুন ম্যাগাজিনের “চেঞ্জ দ্য ওয়ার্ল্ড” তালিকায় গ্রামীণ ব্যাংক ১২তম স্থান দখল করেছে। দরিদ্র জনগোষ্ঠীর জন্য নতুন অর্থনৈতিক সুযোগ ও ব্যাংকিং সুবিধা বঞ্চিত মানুষের জন্য ঋণ সুবিধা সৃষ্টিতে অসামান্য অবদানের জন্য গ্রামীণ ব্যাংক এই স্বীকৃতি পেল। সম্প্রতি প্রকাশিত ফরচুনের “চেঞ্জ দ্য ওয়ার্ল্ড” তালিকায় কোম্পানীগুলোর প্রতিযোগিতামূলক কর্মকৌশলের অংশ হিসেবে বিশ্বব্যাপী গুরুত্বপূর্ণ সামাজিক বা পরিবেশগত বিভিন্ন সমস্যা সমাধানে তাদের অবদানের ভিত্তিতে পৃথিবীর ৫১টি কোম্পানীর ব্যাংকিং প্রকাশ করা হয়েছে। কোম্পানীগুলো কী পরিমাণ আয় করে তার পরিবর্তে তাদের সামাজিক অবদানের বিচারে ফরচুন এই প্রথম তার এই “চেঞ্জ দ্য ওয়ার্ল্ড” তালিকা তৈরী করেছে। বিশ্বব্যাপকের হিসাব মতে, পৃথিবী ব্যাপী প্রতি বছর কমপক্ষে ৬০ বিলিয়ন ডলার ক্ষুদ্র ঋণ হিসেবে বিতরণ করা হয় এবং পৃথিবীর ১৩.৫ কোটি মানুষ এখন ক্ষুদ্র ঋণের সুবিধা পাচ্ছে। গুরুত্বপূর্ণ সামাজিক ও পরিবেশগত সমস্যা সমাধানে ইতিবাচক ভূমিকা পালনকারী ব্যবসায়িক উদ্ভাবনের জন্য পৃথিবী ব্যাপী বিভিন্ন কোম্পানীর স্বীকৃতি ও প্রতিযোগিতামূলক অবস্থান সম্বলিত পৃথিবীতে এটিই প্রথম তালিকা।

ফরচুনের “চেঞ্জ দ্য ওয়ার্ল্ড” তালিকায় ১৪তম স্থানে আছে গ্রামীণের সামাজিক ব্যবসার অংশীদার ফ্রান্সের বিশ্বখ্যাত কোম্পানী ড্যানোন, যা দরিদ্রদের পুষ্টির উন্নয়নে বিভিন্ন দ্রব্য উৎপাদন করে আসছে। বাংলাদেশের শিশুদের অপুষ্টি দূরীকরণে গ্রামীণ ও ড্যানোন একটি যৌথ উদ্যোগের অধীনে অনুপোষক সমৃদ্ধ দধি উৎপাদন ও বাজারজাত করছে।